

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.১৮৮

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৯

২৪ মে ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-২৪৪৩/২০২২ মামলার অন্তর্বর্তীকালীন আদেশ প্রেক্ষিতে আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয় পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলা বীরগঞ্জ মহিলা কলেজ এর অধ্যক্ষ জনাব মো. জহিরুল হক বিগত ১৭/০৯/২০১৫ খ্রি. তারিখ থেকে ০২/১০/২০১৯ খ্রি. পর্যন্ত সাময়িক বরখাস্ত অবস্থান ছিলেন। গত ৩১/১০/২০১৯ তারিখে অধ্যক্ষ হিসাবে স্বপদে বহাল হয়েছেন। কিন্তু গত ১৭/০৯/২০১৫ তারিখ হতে ৩১/৫/২০১৯ তারিখ পর্যন্ত অর্ধেক হিসাবে খোরপোষ ভাতা প্রদান করা হয়। প্রাপ্য বকেয়া বেতন-ভাতাদি পরিশোধ করার জন্য অধ্যক্ষ জনাব মো. জহিরুল হক মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বরাবর ০১/১১/২০২১ তারিখে আবেদন করেন।

জনাব মো. জহিরুল হক এর আবেদন পত্রটি প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করা সংস্কর হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২৪৪৩/২০২২ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ এ মামলার ২৭.০২.২০২২ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করেন;

“The respondent No. 2 is directed to dispose of the application dated 01.11.2021 (Annexure-K) filed before him by the petitioner within 30 (thirty days) from the date of receipt of this order. Let us make it clear that the respondent No. 2 is at liberty to take any decision on the said application in any manner whatsoever, in accordance with law.”

২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-২৪৪৩/২০২২ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বাদীর ০১.১১.২০২১ তারিখের আবেদনটি (Annexure-K) আইন অনুযায়ী এই আদেশ প্রাপ্তির তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক করে সর্বশেষ তথ্য এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪-৫-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক


মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.১৮৮/১

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৪-৫-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব